# শিক্ষকদের যৌক্তিক দাবি মেনে নেয়ার আহ্বান হাসনাত ও সারজিসের



সংগৃহীত ছবি

এমপিওভুক্ত শিক্ষকদের তিন দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির দুই মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ ও সারজিস আলম। ফেসবুক পোস্টে তারা বলেন, শিক্ষকদের দুর্দশা অবসান না হলে জাতির অগ্রগতি সম্ভব নয়।

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের চলমান আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে সরকারের প্রতি তাদের দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ এবং উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। মঙ্গলবার (১৪ অক্টোবর) পৃথক ভেরিফায়েড ফেসবুক পোস্টে তারা এ আহ্বান জানান।

সারজিস আলম লিখেছেন, “শিক্ষকদের দুর্দশাগ্রস্ত রেখে কোনো জাতির অগ্রগতি সম্ভব নয়। তাদের ন্যায্য ও যৌক্তিক দাবি অবশ্যই মেনে নিতে হবে।” একইভাবে হাসনাত আবদুল্লাহ তার পোস্টে লেখেন, “দেশ গড়ার কারিগর আমাদের সম্মানিত শিক্ষকদের দাবি সরকারকে অবশ্যই গ্রহণ করতে হবে।”

উল্লেখ্য, মূল বেতনের ২০ শতাংশ (ন্যূনতম তিন হাজার টাকা) বাড়িভাড়া, দেড় হাজার টাকা চিকিৎসা ভাতা, এবং কর্মচারীদের উৎসব ভাতা ৭৫ শতাংশ করার তিন দফা দাবিতে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা গত রোববার থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি শুরু করেন।

পরে পুলিশের লাঠিচার্জ, সাউন্ড গ্রেনেড ও জলকামান নিক্ষেপে তারা সেখান থেকে সরে যেতে বাধ্য হন। এরপর সোমবার থেকে আন্দোলনকারীরা কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন।